

Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 23 June, 2025

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার ভারত সীমান্তবর্তী ইসলামপুর এলাকা থেকে ১ কেজি ১৬৬ দশমিক ২০ গ্রাম ওজনের ৯টি স্বর্ণের বারসহ এক পাচারকারীকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। উদ্ধার করা স্বর্ণের বাজারমূল্য প্রায় ১ কোটি ৬৩ লাখ ৪৬ হাজার টাকা।

রবিবার (২২ জুন) রাত ৮টার দিকে গয়েশপুর বিওপির অধীনে ইসলামপুর পিচ মোড়ে অভিযান চালায় ৫৮ বিজিবি ব্যাটালিয়নের একটি টহল দল। অভিযানে নেতৃত্ব দেন হাবিলদার শিশির।

আটক ব্যক্তির নাম মমিন, পিতা তেঁতুল মন্ডল, গ্রাম গয়েশপুর, জীবননগর উপজেলা। বিজিবি জানায়, মমিন বাইসাইকেলে করে স্বর্ণের বারগুলো নিয়ে ভারতের দিকে পাচার করতে যাচ্ছিলেন।

বিজিবির পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, গোপন সংবাদের ভিত্তিতে সীমান্ত পিলার ৬৯/২-এস থেকে প্রায় দেড় কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে অবস্থান নেওয়া হয়। এ সময় সন্দেহভাজন ওই যুবককে থামিয়ে দেহ তল্লাশি করে স্বর্ণের বারগুলো উদ্ধার করা হয়। পাচারকাজে ব্যবহৃত একটি বাইসাইকেলও জব্দ করা হয়েছে।

আটক মমিনের বিরুদ্ধে জীবননগর থানায় মামলা দায়ের করে তাকে থানায় সোপর্দ করা হয়েছে। উদ্ধারকৃত স্বর্ণের বারগুলো চুয়াডাঙ্গা জেলা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে বলে জানিয়েছেন ৫৮ বিজিবির সহকারী পরিচালক মুন্সী ইমদাদুর রহমান।

স্বর্ণ পাচারকারী চুয়াডাঙ্গা বিজিবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:01

URL: <https://www.timestodaybd.com/across-the-country/3584480829>